

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ১৬. আরো অনেক পক্ষপাতিত্বের বিবরণ - ৬. ১. ১৬. ১. অবরাহামের প্রতি পক্ষপাতিত্ব

বাইবেল বলছে: "নিজের বোনকে বা সংবোনকে বিয়ে করে তার সংগে সহবাস করা একটা লজ্জার কাজ- সেই বোন মায়ের দিক থেকেই হোক কিংবা পিতার দিক থেকেই হোক। যারা তা করবে লোকদের চোখের সামনেই তাদের হত্যা করতে হবে।" (লেবীয় ২০/১৭, মো.-০৬)

অন্যত্র বাইবেল বলছে: "যে কেহ আপন ভগিনীর সহিত, অর্থাৎ পিতৃকন্যার কিম্বা মাতৃকন্যার সহিত শয়ন করে সে শাপগ্রস্ত" (দ্বিতীয় বিবরণ ২৭/২২)

বাইবেল বলছে যে, অবরাহাম নিজের বোনকে বিবাহ করেছিলেন। অবরাহাম তাঁর সৎবোন, পিতৃকন্যা বা বৈমাত্রেয় বোন সারাকে বিবাহ করেন। (আদিপুস্তক ২০/১২)। কিন্তু এজন্য ঈশ্বর অবরাহামকে হত্যাও করেননি অভিশাপও দেননি। বরং তাঁকে সকল আশীর্বাদের উৎস বানিয়ে দেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14279

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন